NYC Health

# সুপ্ত যক্ষ্মা (টিউবারকুলোসিস) সংক্রমণের জন্য এক মাসের চিকিৎসা: রোগীদের জন্য আইসোনিয়াজিড এবং রিফাপেন্টাইন তথ্য

সুপ্ত টিউবারকুলোসিস (Tuberculosis, TB) সংক্রমণের জন্য এক মাসের চিকিৎসা পদ্ধতিতে দুটি ওষুধ অন্তর্ভুক্ত — **আইসোনিয়াজিড** এবং **রিফাপেন্টাইন** — এই ওষুধগুলি পৃথক ট্যাবলেট আকারে আসে এবং একসঙ্গে সেবন করতে হয়।

- ওষুধগুলো প্রতিদিন টানা 28 দিন ধরে (মুখের মাধ্যমে) খান।
- আপনার নির্ধারিত ডোজের উপর নির্ভর করে প্রতিদিন চার থেকে ছয়টি ট্যাবলেট খান।
- প্রতিদিন একই সময় কিছু খাবার খেয়ে সমস্ত ট্যাবলেটগুলি খান।

## আইসোনিয়াজিড এবং রিফাপেন্টাইন কারা খেতে পারবেন না?

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে জানাবেন যে আপনি আইসোনিয়াজিড এবং রিফাপেন্টাইন নিতে পারবেনকিনা। আপনি এই ওষুধগুলি খেতে পারবেন না যদি:

- আপনি 13 বছরের কম বয়সী অথবা 66 পাউন্ডের (30 কিলোগ্রাম) কম ওজনের হন।
- আপনি বর্তমানে এইচআইভি -এর জন্য অত্যন্ত সক্রিয় অ্যান্টিরেট্রোভাইরাল থেরাপি গ্রহণ করছেন।
- আপনি গর্ভবতী হন, গর্ভবতী হওয়ার পরিকল্পনা করেন, অথবা বুকের দুধ খাওয়ান।
- আপনার সক্রিয় টিবি (TB) রোগ নিশ্চিত হয় বা সন্দেহ থাকে।

## যদি আমি অন্য ওষুধ খাই অথবা অন্য অবস্থার জন্য চিকিৎসা গ্রহণ করি?

আপনার পরিষেবা প্রদানকারীকে জানান, যদি:

- আপনি ভেষজ ওষুধ, ওভার-দ্য-কাউন্টার (প্রেসক্রিপশনবিহীন) ওষুধ, ভিটামিন এবং জন্মনিয়ন্ত্রণ সহ অন্য কোনো ওষুধ খান।
- আপনার অন্য কোনো অসুখ বা অবস্থা থাকে অথবা আপনি অন্য কোনো রোগ বা অবস্থার জন্য চিকিৎসা গ্রহণ করছেন।

## আইসোনিয়াজিড এবং রিফাপেন্টাইন সম্পর্কে আমার আর কী জানা উচিত?

- আইসোনিয়াজিড এবং রিফাপেন্টাইন গ্রহণের সময় অ্যাসিটামিনোফেন (Tylenol)যুক্ত কোনও ওষুধ খাবেন **না** বা অ্যালকোহল পান করবেন **না**।

- রিফাপেন্টাইন - এ অল্প পরিমাণে অশুদ্ধতা থাকতে পারে, যাকে নাইট্রোসামাইন (নাইট্রোসামিন) বলা হয়, যা প্রায়ই পানি ও খাবারের মধ্যে পাওয়া যায়। তবে, রিফাপেন্টাইন গ্রহণের সুবিধাগুলি এই অশুদ্ধতার দ্বারা সৃষ্ট ঝুঁকির চেয়ে বেশি।
- আইসোনিয়াজিড এবং রিফাপেন্টাইন গ্রহণ সম্পর্কে আপনার যদি কোনও উদ্বেগ থাকে তবে আপনার পরিষেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

## আইসোনিয়াজিড ও রিফাপেন্টাইন এর পার্শ্বপ্রতিক্রিয়াগুলো কী কী?

আপনার যদি এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলির কোনো একটি থাকে তবে আপনার প্রদানকারীর সাথে যোগাযোগ করুন:

- মাথা ঘোরা
- বমি ভাব
- বমি হওয়া
- ক্লান্তি (অবসন্ন বোধ করা)
- ত্বকের ফুসকুড়ি
- ক্ষুধা কমে যাওয়া
- পেশী বা জয়েন্টের ব্যথা
- জ্বর
- লাল রঙের চোখের পানি, ঘাম, বা প্রস্রাব
- পেটে ব্যথা বা অস্বস্তি
- রক্তকণিকার পরিমাণ কমে যাওয়া।
- লিভার ফাংশন টেস্টের সংখ্যা বৃদ্ধি

## আমি কোথায় আরও তথ্য পেতে পারি?

আপনি যে টিবি চেস্ট সেন্টারে (TB Chest Center) চিকিৎসা নিচ্ছেন সেখানে কল করুন:

- **Corona:** 718-396-5134
- **Morrisania:** 718-838-6876
- **Fort Greene:** 718-249-1468

TB সংক্রান্ত আরও তথ্যের জন্য nyc.gov/health/btb দেখুন।

1.25 Bengali